



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রো.বি/২০০৯/৩৭৮

তারিখ: ৩০/০৯/২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মাকসুদ কামালের বড় ভাই আলহাজ্ব এ. কে. এম. শাহজাহান কামালের মৃত্যুতে কুবি উপাচার্যের শোক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর এবং কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের বড় ভাই, লক্ষ্মীপুর সদর-৩ আসনের মাননীয় সংসদ সদস্য, সাবেক বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব এ. কে. এম. শাহজাহান কামাল মৃত্যুবরণ করেছেন। আজ শনিবার (৩০ সেপ্টেম্বর) ভোর রাত ৩টা ১৯ মিনিটে রাজধানী এভার কেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

তাঁর মৃত্যুতে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও শোক সন্তুষ্ট পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন।

উল্লেখ্য, এ. কে. এম. শাহজাহান কামাল ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে ভারত থেকে প্রশিক্ষণ গ্রহণ করে নোয়াখালী ও লক্ষ্মীপুর জেলায় সক্রিয়ভাবে যুদ্ধে অংশ নেন। ১৯৭৩ সালে প্রথম সংসদে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়নে নোয়াখালী-১১ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। ২০১৪ ও ১৮ সালে তিনি লক্ষ্মীপুর-৩ (সদর) আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। এর মধ্যে ২০১৮ সালে প্রায় এক বছর তিনি বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রীর দায়িত্ব পালন করেন।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. নোটিশ বোর্ড, কু.বি.।
০৫. সংশ্লিষ্ট নথি।